# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 27 June, 2025

এইচএসসি পরীক্ষার প্রথম দিন পরীক্ষাকেন্দ্রে দলীয় নেতাকর্মীদের নিয়ে প্রবেশ করার অভিযোগে মোহাম্মদ সানাউল্লাহ নামে এক ছাত্রদল নেতাকে সাময়িক বহিষ্কার করেছে কেন্দ্রীয় ছাত্রদল।বহিষ্কৃত সানাউল্লাহ নোয়াখালীর সেনবাগ উপজেলা ছাত্রদলের আহ্বায়ক।

শুক্রবার (২৭ জুন) বিকেলে কেন্দ্রীয় ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীনের সিদ্ধান্তে দপ্তর সম্পাদক মো. জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বহিষ্কারের বিষয়টি জানানো হয়।

জানা যায়, বৃহস্পতিবার (২৬ জুন) সারাদেশের মতো নোয়াখালীতেও এইচএসসি পরীক্ষা শুরু হয়।পরীক্ষা চলাকালীন জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ থাকলেও, সানাউল্লাহ নেতাকর্মীদের নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ করে পরীক্ষার্থীদের সঙ্গে কথা বলেন। ঘটনাটি ধরা পড়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ছবি ও পোস্টের মাধ্যমে।

তবে সানাউল্লাহ দাবি করেছেন, তিনি সকাল সাড়ে ৯টার দিকে আত্মীয় পরীক্ষার্থীর খোঁজ নিতে শিক্ষকদের অনুমতি নিয়েই কেন্দ্রের একটি কক্ষে গিয়েছিলেন।তখনও পরীক্ষা শুরু হয়নি এবং তার উদ্দেশ্য ছিল কেবল মানসিক সাহস দেওয়া।

তবে দলীয় শৃঙ্খলাভঙ্গের দায়ে কেন্দ্রীয় ছাত্রদল তাৎক্ষণিক পদক্ষেপ নিয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

এইচএসসি বহিষ্কার ছাত্রদল নেতা মোহাম্মদ সানাউল্লাহ পরীক্ষাকেন্দ্রে প্রবেশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:22

URL: https://www.timestodaybd.com/politics/3800402877